



# ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়

মাদ্রাসা পরিদর্শন দফতর

www.iau.edu.bd iauins13@gmail.com



বাড়ি নং-১২৪/৯০/০৩ ব্লক-বি, সড়ক নং-০২, ওয়েস্ট ধানমন্ডি, বহিলা, মোহাম্মদপুর, ঢাকা-১২৩১।

স্মারক নং- ইআবি/পরি/অধি-নবা/রা-১৫৭/২০১৮/ ২০২০৬ তারিখ: ১৬ কার্তিক ১৪৩০ বঙ্গাব্দ  
০১ নভেম্বর ২০২৩ খ্রি.

## অফিস আদেশ

চৌরাপাড়া ফাজিল মাদ্রাসা, ডাকঘর: রসুলপুর, উপজেলা: নিয়ামতপুর, জেলা: নওগাঁ-এর ফাজিল স্নাতক (পাস) বি.এ/বি.এস.এস স্তরের অধিভুক্তি নবায়নের বিষয়ে অধ্যক্ষের ২২.০১.২০২৩খ্রি. তারিখের জমাকৃত আবেদন ও ইসলামি আরবি বিশ্ববিদ্যালয় অনুসৃত অধিভুক্তি নবায়ন সংক্রান্ত বিধি অনুযায়ী গঠিত ০১ (এক) সদস্য বিশিষ্ট তদন্ত কমিটির দাখিলকৃত প্রতিবেদনের প্রেক্ষিতে মাদ্রাসাটির ফাজিল স্নাতক (পাস) বি.এ/বি.এস.এস স্তর নিম্নবর্ণিত শর্তে ০১.০৭.২০২৩ খ্রি. থেকে ৩০.০৬.২০২৭ খ্রি. পর্যন্ত ০৪ (চার) বছরের জন্য অধিভুক্তি নবায়ন করা হলো:

### শর্তসমূহ :

১. দ্রুত সময়ের মধ্যে শূণ্য পদসমূহ নিয়োগের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।
২. শ্রেণিকক্ষে মূল কিতাবের ব্যবহার নিশ্চিত করতে হবে এবং শিক্ষার্থীদের মাতৃভাষার পাশাপাশি আরবি, ইংরেজি ভাষা ও গণিতে দক্ষতা অর্জনের লক্ষ্যে মাদরাসার পক্ষ থেকে প্রয়োজনীয় ও কার্যকর ব্যবস্থা গ্রহণ করতে হবে।
৩. মাদরাসার চারপাশে সীমানা প্রাচীর নির্মাণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।
৪. শিক্ষার্থীদের জ্ঞানের বিকাশ ও জ্ঞানচর্চার প্রতি আগ্রহী করে গড়ে তুলতে বিভিন্ন সাময়িকী, দেয়ালিকা প্রকাশ, রচনা প্রতিযোগিতা ও বিতর্ক ক্লাব গঠনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।
৫. অর্থ বছরের শুরুতে বাজেট কমিটির মাধ্যমে বাজেট প্রণয়ন করতে হবে।
৬. আয়-ব্যয়ের ক্ষেত্রে আর্থিক বিধিবিধান অনুসরণ করতে হবে।
৭. মাদরাসার ত্রয় সংক্রান্ত বিষয়ে পিপিএ-২০০৬/পিপিআর-২০০৮ অনুসরণ করতে হবে এবং ত্রয় কমিটি গঠনপূর্বক সকল ত্রয়কার্য ত্রয় কমিটির মাধ্যমে সম্পাদন করতে হবে।
৮. মাদরাসার প্রশাসনিক ও আর্থিক লেনদেন ব্যাংকের মাধ্যমে করতে হবে এবং বাৎসরিক সকল আয়-ব্যয়ের হিসাব অডিট কমিটির মূল্যায়ন শেষে গভর্নিং বডির অনুমোদন নিতে হবে।
৯. গ্রন্থাগারে রেফারেন্স বই, বঙ্গবন্ধু বিষয়ক ও যুগোপযোগী বই ত্রয় করে নিয়মিত শিক্ষার্থীদের ব্যবহারে লক্ষ্যে গ্রন্থাগারকে আরো সমৃদ্ধ করতে হবে।
১০. মাদরাসার প্যাড ও প্রধান ফটকে 'ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়ে অধিভুক্তি' কথাটি সংযুক্ত করতে হবে।
১১. অধিভুক্তি নবায়নের মেয়াদ উত্তীর্ণ হওয়ার কমপক্ষে ০৮ (আট) মাস পূর্বে নবায়নের জন্য আবেদন করতে হবে।

মাননীয় ভাইস চ্যান্সেলর-এর অনুমোদনক্রমে

*Dono 01.11.2023*

(ড. জাভেদ আহমাদ)

সহকারী পরিদর্শক (অতিরিক্ত দায়িত্ব)

মাদ্রাসা পরিদর্শন দফতর

মোবাইলঃ ০১৭১৪-২০২০৬৬

অধ্যক্ষ

চৌরাপাড়া ফাজিল মাদ্রাসা

ডাকঘর: রসুলপুর, উপজেলা: নিয়ামতপুর, জেলা: নওগাঁ।

স্মারক নং- ইআবি/পরি/অধি-নবা/রা-১৫৭/২০১৮/ ২০২০৬ তারিখ: ১৬ কার্তিক ১৪৩০ বঙ্গাব্দ  
০১ নভেম্বর ২০২৩ খ্রি.

### সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি:

- ১। মহাপরিচালক, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর, গাইড হাউস (৭ম এবং ১০ম তলা), নিউ বেইলি রোড, রমনা, ঢাকা-১০০০।
- ২। চেয়ারম্যান, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, বকশী বাজার, ঢাকা-১২১১।
- ৩। রেজিস্ট্রার, ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, (একাডেমিক কাউন্সিল সভায় রিপোর্ট করার জন্য)।
- ৪। ভাইস চ্যান্সেলর মহোদয়ের একান্ত সচিব (ভাইস চ্যান্সেলর মহোদয়ের সদয় অবগতির জন্য), ইআবি
- ৫। প্রো-ভাইস চ্যান্সেলর মহোদয়ের একান্ত সচিব (প্রো-ভাইস চ্যান্সেলর মহোদয়ের সদয় অবগতির জন্য), ইআবি।
- ৬। আইসিটি বিভাগ, ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের জন্য)।
- ৭। সভাপতি, চৌরাপাড়া ফাজিল মাদ্রাসা, ডাকঘর: রসুলপুর, উপজেলা: নিয়ামতপুর, জেলা: নওগাঁ।
- ৮। অফিস নথি।

*03.11.23*

(মোঃ জাহান উদ্দিন)

সেকশন অফিসার

মাদ্রাসা পরিদর্শন দফতর

মোবাইলঃ ০১৭২৪৮০৮৫২৪